
সংবাদ

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা ৫ কলাম ২



*পাইকগাছায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান (উপরে), উপড়ে বিদ্যুতের খুঁটি (নীচে)* -সংবাদ

# পাইকগাছায় ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি

প্রতিনিধি পাইকগাছা (খুলনা)

**ঘর-বাড়ি মন্দির, শিক্ষা প্রতিষ্ঠান, বিদ্যুতের খুঁটি হেলে বিধ্বস্ত**

পাইকগাছায় গত সোমবার ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ঝড়ে শিক্ষা প্রতিষ্ঠান, মন্দিরসহ বিভিন্ন স্থানে ঘর বাড়ি ও বিদ্যুতের খুঁটি হেলে পড়ে ও তার ছিড়ে বিদ্যুৎ সংযোগ বন্ধ রয়েছে। উপজেলার লস্কর ইউপির খড়িয়ায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও ক্ষতিগ্রস্তরা জানিয়েছেন, ঝড়ের তাণ্ডবে পূর্ব খড়িয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের লাইব্রেরি ও অফিস কক্ষের সম্পূর্ণ টিনসেড উড়ে বিদ্যুৎ লাইনের তার সহ কড়ুলিয়া নদীর চরে গিয়ে বিধ্বস্ত হয়। এ সময় স্কুলে বৃষ্টিপাতে আসবাবপত্র, আলমারী, কম্পিউটার, সোলার প্যানেল, লাইব্রেরির বইসহ প্রয়োজনীয় কাগজপত্র ভিজে নষ্ট হয়ে গেছে। প্রতিষ্ঠানের সভাপতি ইউপি সদস্য মিনতী রানী মিস্ত্রী ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক স্বপন কুমার সরকার জানিয়েছেন, ঝড়ে ও বৃষ্টিপাতে প্রতিষ্ঠানের কয়েক লাখ টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে। অন্যদিকে ঠাকুরণ বাড়ির পল্লীশ্রী সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনের শ্রেণী কক্ষের টিনসেড ও প্রতিষ্ঠানের সংরক্ষিত ৫ হাজার লিটারের একটি পানির ট্যাংকি ঝড়ের কবলে পড়ে আধা কিমি দূরে একটি চিংড়ি ঘেরে পাওয়া গেছে। পূর্ব-উত্তর খড়িয়ায় একাধিক ঘর বাড়ি সহ, দুটি সার্বজনীন দুর্গা মন্দিরের টিনের ছাউনি সম্পূর্ণ উড়ে গেছে এবং বিদ্যুতের খুঁটি উপড়ে পড়েছে। লস্কর ইউপি চেয়ারম্যান কেএম আরিফুজ্জামান তুহিন ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ করে সরকারী সাহায্যের জন্য সংশ্লিষ্ট দপ্তরের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।